



আন্তর্জাতিক কেরাত প্রতিযোগিতায় বাংলাদেশের ওসমান গনি দ্বিতীয়



হাফেজ ওসমান গনির হাতে পুরস্কার তুলে দেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান। ছবি: সংগৃহীত

তুরস্কে আয়োজিত আন্তর্জাতিক কোরআন প্রতিযোগিতায় সাফল্যের নজির গড়েছেন বাংলাদেশের হাফেজ মোহাম্মদ ওসমান গনি। তিনি মর্যাদাপূর্ণ এই প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অর্জন করেন।

দেশটির ধর্ম বিষয়ক সংস্থা দিয়ানেতের উদ্যোগে অনুষ্ঠিত ১১তম ‘আন্তর্জাতিক হিফজুল কোরআন ও সহিহ তেলাওয়াত প্রতিযোগিতা’র বিশ্বের বিভিন্ন দেশের প্রতিযোগীদের সঙ্গে অংশ নিয়ে এই সাফল্য অর্জন করেন তিনি।

বুধবার (২৯ এপ্রিল) রাজধানী আংকারার বেস্তেপে নেশনস কনভেনশন অ্যান্ড কালচার সেন্টারে আয়োজিত সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান।

ওসমান গনি ঢাকার মারকাজুত তাহফিজ ইন্টারন্যাশনাল মাদরাসার শিক্ষার্থী, যা শায়খ নেছার আহমাদ আন নাছিরীর প্রতিষ্ঠিত। তার বাড়ি ঠাকুরগাঁও জেলায়।

প্রতিযোগিতাটি দুটি বিভাগে অনুষ্ঠিত হয়—হিফজুল কোরআন ও কেরাত। হিফজ বিভাগে প্রথম স্থান অধিকার করেন লিবিয়ার সিরাজুদ্দীন কান্দি, দ্বিতীয় হন ক্যামেরুনের নুরুদ্দীন এবং তৃতীয় হন ইয়েমেনের শিহাব আদ-দুবাই।

অন্যদিকে, কেরাত বিভাগে প্রথম হন ফিলিপাইনের সুহদান জাকারিয়া, দ্বিতীয় স্থান অর্জন করেন বাংলাদেশের ওসমান গনি এবং তৃতীয় হন মালয়েশিয়ার মুহাম্মদ খাইরি।